# ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়িত কর্মপরিকল্পনার প্রতিবেদন

বিভাগীয় প্রশাসন, রংপুর এর তত্ত্বাবধানে রংপুর বিভাগীয় ইনোভেশন টিম নিরলসভাবে কাজ করে চলেছে। ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত রংপুর বিভাগীয় ইনোভেশন টিমের কার্যক্রম সংক্ষিপ্ত আকারে নিম্নরূপঃ

<u>বিভাগীয় ইনোভেশন টিমের সভাঃ</u>

২০১৭ সালে এ বিভাগের বিভাগীয় ইনোভেশন টিমের ০৬ টি সভা অনুষ্ঠিত হয়েছে। বিভাগের ইনোভেশন বিষয়ক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সারা বছর ব্যাপী এজেন্ডাভিত্তিক আলোচনা করা হয়েছে।

<u>কর্মশালাঃ</u>

২০১৭ সালে ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত এটুআই প্রোগ্রাম এর সহযোগিতায় রংপুর বিভাগীয় প্রশাসনের অধীনে ০২ টি ব্যাচে বিভিন্ন দপ্তরের সর্বমোট ৬০ জন কর্মকর্তাকে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

<u>ইনোভেশন প্রকল্পঃ</u>

এ মুহূর্তে রংপুর বিভাগে ২০১ টি নির্বাচিত ইনোভেশন প্রকল্প চলমান রয়েছে, যেগুলির মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক প্রকল্প সরকারের উচ্চ পর্যায়ে মনোযোগ আকর্ষণ করতে সক্ষম হয়েছে এবং তাতে জনসংযোগ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।

<u>প্রকল্প মনিটরিং:</u>

২০১৭ সালে ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত পাইলট উদ্যোগ বাস্তবায়নকারীদের সাথে এবং তাদের মেন্টরবৃন্দের সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যোগাযোগ করা হয়েছে এবং প্রকল্পসমূহের সাফল্য এবং সমস্যা সম্পর্কে খোঁজখবর গ্রহণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কমিশনার ও অতিরিক্ত বিভাগীয় কমিশনারবৃন্দ বিভিন্ন সময়ে প্রকল্পসমূহ পরিদর্শন করছেন। বিভাগীয় মেন্টরগণ তাদের নিজ নিজ বিভাগীয় কর্মকর্তাবৃন্দের কার্যক্রম মনিটরিং করছেন এবং গঠনমূলক পরামর্শ প্রদান করছেন।

<u>ইনোভেশন সার্কেলঃ</u>

জানুয়ারি ২০১৭ তে একটি বিভাগীয় ইনোভেশন সার্কেল আয়োজন করা হয়েছে উক্ত ইনোভেশন সার্কেলে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় এবং যুগ্মসচিব, প্রশাসন-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় উপস্থিত ছিলেন।

<u>সোশ্যাল মিডিয়া আড্ডাঃ</u>

২০১৭ সালে ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত দুর্নীতিমুক্ত বাংলাদেশ: উত্তমচর্চা ও উদ্ভাবন বিষয়ক এবং জনবান্ধব সমাজসেবা অধিদপ্তর, সোশ্যাল মিডিয়া ভূমিকা বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপ আয়োজন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনায় রংপুর বিভাগীয় ইনোভেশন টিম সময়ে সময়ে সোশ্যাল মিডিয়া আড্ডা আয়োজন করেছে এবং আওতাধীন জেলা ও উপজেলাসমূহ বিষয়টি অনুসরণ করেছে। এই কার্যক্রম অব্যাহত রয়েছে।

<u>পাবলিক সার্ভিস ইনোভেশন পেইজঃ</u>

সোশ্যাল মিডিয়া ও ওয়েবসাইটগুলোতে রংপুর বিভাগীয় ইনোভেশন টিম নিয়মিতভাবে তাদের কার্যক্রমের প্রচারণা অব্যাহত রেখেছে এবং অনেক ক্ষেত্রেই বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। একইসাথে, পাবলিক সার্ভিস ইনোভেশন বাংলাদেশ, ন্যাশনাল ওয়েব পোর্টাল ফ্রেমওয়ার্ক সহ অন্যান্য ফেইসবুক পেইজ থেকে বিভিন্ন পরামর্শ ও সুপারিশ বিভাগীয় ইনোভেশন টিম বাস্তবায়ন করে চলেছে।

M3

জাতীয় তথ্য বাতায়ন, ই-ফাইলিং প্রভৃতি বিষয়ক কার্যক্রমঃ

মন্ত্রিপরিষদ বিভাগ, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম সহ অন্যান্য দপ্তর থেকে প্রণীত ওয়েব পোর্টাল, ই-ফাইলিং প্রভৃতি কার্যক্রম ২০১৭ সালে ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বিভাগীয় ইনোভেশন টিম গভীরভাবে পর্যবেক্ষণ করে এবং সেগুলোর উন্নয়নে কার্যক্রম চলমান রয়েছে।

বিভাগীয় ইনোভেশন টিম জনসেবার ক্ষেত্রে ইনোভেশনের বিষয়ে গুরুত্বারোপ করে থাকে। বিভাগীয় ইনোভেশন টিম, রংপুর এর আয়োজনে আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিকভাবে উদ্যোক্তাদের প্রণোদনা প্রদান করা হয়েছে এবং এ বিষয়ে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার প্রচেষ্টা চলমান রয়েছে। বিভাগীয় প্রশাসন, রংপুর বিশ্বাস করে এবং এই বিশ্বাস উদ্যোক্তাদের মাঝে প্রোথিত করতে চায় যে, “Innovation allows Faults”.

(কাজী হাসান আহমেদ)
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।
ফোনঃ ০৫২১-৬৭৪০০ (অফিস)
ই-মেইল- divcomrangpur@mopa.gov.bd

রংপুর বিভাগীয় ইনোভেশন টিমের ২০১৭-১৮ সালের কর্মপরিকল্পনা

| ক্রমিক নম্বর | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ) | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তার নাম ও পদবি) | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত/পরিমাণগত কী পরিবর্তন হবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কী না তা পরিমাপের মানদন্ড |
|---|---|---|---|---|---|
| ১. | ক) ১ম ইনোভেশন সার্কেল<br>খ)) ২য় ইনোভেশন সার্কেল | ক)জুলাই-ডিসেম্বর ২০১৭ এর মধ্যে<br>খ) জানুয়ারি-জুন ২০১৮ এর মধ্যে | জনাব কাজী হাসান আহমেদ<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ<br>রংপুর | ১। আট ০৮ টি জেলা ইনোভেশন টিমের কর্মদক্ষতা বৃদ্ধি পাবে।<br>২। টিম গুলির কর্মতৎপরতা মূল্যায়ন করা যাবে।<br>৩। বিভিন্ন সেক্টরে ইনোভেশনের সংখ্যা বৃদ্ধি পাবে। | ১। ইনোভেশনের সংখ্যা<br>২। রেপ্লিকেশনের সংখ্যা<br>৩। পুরস্কার ও স্বীকৃতি প্রদানের সংখ্যা। |
| ২. | ইনোভেশন বিষয়ক ইন-হাউস প্রশিক্ষণ প্রদান (বাজেট প্রাপ্তি সাপেক্ষে) | ০১.০৭.২০১৭ থেকে ০১.০৬.২০১৮ | জনাব কাজী হাসান আহমেদ<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ<br>রংপুর | ১। রংপুর বিভাগের সরকারি অফিসগুলোতে ইনোভেশন কার্যক্রম কার্যকর ও গতিশীল করা।<br>২। এর মাধ্যমে জনগনের সরকারি সেবাপ্রাপ্তি দ্রুত, সহজলভ্য ও ভোগান্তিবিহীন করা। | প্রশিকক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের প্রস্তাবিত পাইলট প্রকল্পের সংখ্যা ও বাস্তবায়নের হার |
| ৩. | ইনোভেশন কার্যক্রমে এ বিভাগের আটাশ (২৮)টি সরকারি অফিসকে যুক্তকরণ | ০১.০৭.২০১৭ থেকে ০১.০৬.২০১৮ | জনাব কাজী হাসান আহমেদ<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ<br>রংপুর | আটাশ (২৮)টি সরকারি অফিসকে যুক্তকরণের মাধ্যমে অন্ততঃ আটাশ (২৮)টি পাইলট প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা | পাইলট প্রকল্পের রেপ্লিকেশনযোগ্য পাইলট প্রকল্পের সংখ্যা |
| ৪. | সফল পাইলট উদ্যোগ রেপ্লিকেশনের সুপারিশ করা | ০১.০৭.২০১৭ থেকে ০১.০৬.২০১৮ | জনাব কাজী হাসান আহমেদ<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ<br>রংপুর | সফল উদ্ভাবনী উদ্যোগগুলো প্রথমে জেলা ও এরপরে বিভাগীয় পর্যায়ে রেপ্লিকেট করা। বিভাগীয় পর্যায়ে সফলভাবে রেপ্লিকেট করার পর যাচাইবাছাই করে সফল পাইলট প্রকল্পগুলো সারাদেশে রেপ্লিকেট করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ বরাবর প্রেরণ করা। | এ বিভাগের কতটি সফল পাইলট উদ্যোগ সারাদেশে রেপ্লিকেট করার জন্য বিবেচিত হবে তার সংখ্যা। |
| ৫. | উদ্ভাবকের জন্য মেন্টরিং সংক্রান্ত প্রশিক্ষণ (বাজেট প্রাপ্তি সাপেক্ষে) | ০১.০৭.২০১৭ থেকে ০১.০৬.২০১৮ | জনাব কাজী হাসান আহমেদ<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ<br>রংপুর | পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সকল সরকারি দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাদের স্ব স্ব বিভাগে চলমান মাঠ পর্যায়ের উদ্ভাবনী প্রকল্পগুলো মনিটরিং ও মূল্যায়ন করার দক্ষতা ও আগ্রহ বৃদ্ধি করা সম্ভব হবে | মেন্টরগণের স্ব স্ব বিভাগের/দপ্তরের সফল ও রেপ্লিকেশনযোগ্য পাইলট প্রকল্পের সংখ্যা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬. | সেরা পাইলট প্রকল্পগুলোকে স্বীকৃতি প্রদান | জুলাই-ডিসেম্বর ২০১৭ এর মধ্যে এবং জানুয়ারি-জুন ২০১৮ এর মধ্যে | জনাব কাজী হাসান আহমেদ<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ<br>রংপুর | ডিসেম্বর/২০১৭ এবং মার্চ/২০১৮ মাসে অনুষ্ঠিতব্য দুইটি (২) ইনোভেশন সার্কেলে চার (৪)টি করে মোট আট (৮)টি শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগকে স্বীকৃতি প্রদান করা হবে। এর ফলে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের উদ্ভাবনী প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে ইতিবাচক প্রতিযোগিতা সৃষ্টি হবে | স্বীকৃতি প্রদানের সংখ্যা |
| ৭. | বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে পাইলট প্রকল্প পরিদর্শন | ০১.০৭.২০১৭ থেকে ০১.০৬.২০১৮ | জনাব কাজী হাসান আহমেদ<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ<br>রংপুর | বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে অনূন্য ছত্রিশটি উদ্ভাবনী প্রকল্প পরিদর্শনের মাধ্যমে পাইলট প্রকল্পগুলোর বাস্তবায়নের অগ্রগতি, প্রতিবন্ধকতা ও তা নিরসনের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা সম্ভব হবে। এর মাধ্যমে মাঠ পর্যায়ের কাজের অভিজ্ঞতা প্রয়োজনে সরকারের উচ্চ পর্যায়ে তুলে ধরার সুযোগ সৃষ্টি হবে | পরিদর্শনের সংখ্যা |
| ৮. | বিভাগীয় সমন্বয় সভায় এজেন্ডাভূক্ত করণ | ০১.০৭.২০১৭ থেকে ০১.০৬.২০১৮ | জনাব কাজী হাসান আহমেদ<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ<br>রংপুর | বিভাগীয় সমন্বয় সভায় এজেন্ডাভূক্ত করার মাধ্যমে রংপুর বিভাগের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে বিভিন্ন দপ্তরের অভিজ্ঞতা বিনিময়ের পাশাপাশি এ ক্ষেত্রে বিভিন্ন দপ্তরের মাঝে সহযোগীতার হাত প্রসারিত হবে | সভার সংখ্যা |
| ৯. | পাইলট উদ্যোগ বাস্তবায়নকারীদের সাথে নির্দিষ্ট বিরতিতে সভা/ ভিডিও কনফারেন্স | ০১.০৭.২০১৭ থেকে ০১.০৬.২০১৮ | জনাব কাজী হাসান আহমেদ<br>বিভাগীয় কমিশনার<br>রংপুর বিভাগ<br>রংপুর | পাইলট উদ্যোগ বাস্তবায়নকারীদের সাথে নির্দিষ্ট বিরতিতে সভা/ ভিডিও কনফারেন্স আয়োজনের মাধ্যমে পাইলট প্রকল্পগুলোর বাস্তবায়নের অগ্রগতি, প্রতিবন্ধকতা ও তা নিরসনের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা সম্ভব হবে। | সভা/ভিডিও কনফারেন্সের সংখ্যা |

(কাজী হাসান আহমেদ)
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।
ফোনঃ ০৫২১-৬৭৪০০ (অফিস)
ই-মেইল- divcomrangpur@mopa.gov.bd